

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
আগৈলঝাড়া, বরিশাল

উপজেলা মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো: রফিকুল ইসলাম তালুকদার
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, আগৈলঝাড়া, বরিশাল


সভার স্থান : উপজেলা পরিষদ কার্যালয়, আগৈলঝাড়া, বরিশাল
তারিখ : ২৫/০৫/২০২৩ খ্রি:
সময় : ১১.০০ ঘটিকায়

উপস্থিতির স্বাক্ষরঃ পরিশিষ্ট ক দ্রষ্টব্য

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু শুরু করা হয়। অতপর: সভাপতির অনুমতিক্রমে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জনাব মাহাবুবুর রহমান গত সভার রেজুলেশন পাঠ করে শোনান এবং সর্বসম্মতিক্রমে উহা দৃঢ়ীকরণ করা হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভাকে জানান প্রতিবছরের ন্যায় এবছরও বিগত ১৩/০৫/২০২৩ খ্রি: তারিখে অত্র উপজেলায় জাতীয় শিক্ষা সপ্তাহ-২৩ বেশ উৎসাহ উদ্দীপনার সাথে অনুষ্ঠিত হয়। শিক্ষা সপ্তাহের ফলাফল জেলা পর্যায়ে প্রেরণ করা হয়েছে। বাজেট প্রাপ্তির সাথে সাথে বিজয়ী শিক্ষার্থী, শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান, শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান, শ্রেষ্ঠ স্কাউট, গালগাই, রোভার, স্কাউট গ্রুপ, গালগাইড গ্রুপ ও রোভার গ্রুপের মাঝে পুরস্কার ও সনদ বিতরণ করা হবে। তিনি আরো জানান সকল শিক্ষা প্রতিষ্ঠানে যথারিতি শিক্ষাকার্যক্রম চলমান আছে।

সিদ্ধান্ত : শিক্ষার গুণগত মানোন্নয়নের লক্ষে শিক্ষা প্রতিষ্ঠান মনিটরিং কার্যক্রম জোরদার করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা একাডেমিক সুপারভাইজারকে অনুরোধ জানানো হয় এবং পরবর্তী মাসিক সমন্বয় সভায় উহা উপস্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।


বিবিধ আলোচনার পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সদস্যবৃন্দকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করা হয়।


(মো: রফিকুল ইসলাম তালুকদার)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি
আগৈলঝাড়া, বরিশাল

স্মারক নং : উমাশিঅ/আগৈল-বরি/২২ / (ক)
অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আগৈলঝাড়া, বরিশাল।
২. উপজেলা নির্বাহী অফিসার, আগৈলঝাড়া, বরিশাল।
৩. জনাব..... সদস্য, মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি
৪. অফিস কপি

তারিখ: ২৫/০৫/২০২৩ খ্রি:



(মো: মাহাবুবুর রহমান)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও
সদস্য সচিব
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি
আগৈলঝাড়া, বরিশাল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা কমিটি
আগৈলঝাড়া, বরিশাল

নোটিশ

এতদ্বারা উপজেলা মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা কমিটি এর স্থায়ী কমিটির সন্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে আগামী ২৫/০৫/২০২৩ ইং তারিখ সকাল ১১:০০ ঘটিকার সময় উপজেলা মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সময়ে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।


২২.০৫.২০২৩
(মে: রফিকুল ইসলাম তালুকদার)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি
আগৈলঝাড়া, বরিশাল

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

- ১.
- ২.
- ৩.
১. অফিস কপি